বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
ফ্যাক্স +৮৮-০২-৫৫০১৩৫১৮, ওয়েব সাইট ; www.berc.org.bd.

স্মারক নং- ২৮.০১.০০০০.০১১.১৬.০৭০.১৮.১৯৭১ তারিখ: ২৮/০৩/২০১৮

কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) এর ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক হিসাব নিরীক্ষা ও ম্যানেজমেন্ট লেটার প্রনয়ণের জন্য Bangladesh Charterted Accountants Order 1973 (P.O.No.2 of 1973) এর অধীন নিবন্ধিত চাটার্ড একাউনটেন্ট (অংশীদারী ফার্ম) ফার্মসমূহের নিকট হতে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে। আগ্রহী চাটার্ড একাউনটেন্টস ফার্মকে তাদের কোটেশনের সাথে নিম্নলিখিত কাগজপত্র/তথ্যাবলী সংযুক্ত করতে হবে;

১। ICAB হতে ফার্মের হালনাগাদ রেজিস্ট্রেশন সনদ ও সর্বশেষ ২০১৬-১৭ অর্থবছরের TIN সার্টিফিকেট।
২। প্রতিষ্ঠানের অংশীদারবৃন্দের নাম।
৩। ফার্মের প্রধান কার্যালয়ের ঠিকানা।
৪। অনুরূপ প্রতিষ্ঠান নিরীক্ষাকরণের অভিজ্ঞতার (যদি থাকে) বিবরণ।
৫। কোটেশনে নিরীক্ষা ফি'র পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। নিরীক্ষা ফি'র উল্লেখ করা না হলে কোটেশন বাতিল বলে গণ্য হবে (নিরীক্ষা ফি'র উপর সরকার নির্ধারিত ভ্যাট ও আয়কর কোটেশনদাতার প্রদেয় বিল হতে কর্তণ করা হবে)।
৬। প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি।

কার্যাদেশে উল্লিখিত তারিখের মধ্যে নিরীক্ষার কাজ সমাপ্ত করে চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদন ও ম্যানেজমেন্ট লেটার নিরীক্ষা কাজ শেষ হওয়ার ১০(দশ) দিনের মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বারবর দাখিল করতে হবে। উপরি-উক্ত তথ্য সম্বলিত কোটেশন **আগামী ১২/০৪/২০১৮ বেলা ১২:০০ টার** মধ্যে পরিচালক (অর্থ ও হিসাব) বরাবর দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা **১২:০০ টায়** উপস্থিত কোটেশনদাতা/প্রতিনিধির সম্মূখে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে। কোনো কারণ দর্শানো ছাড়াই যে কোনো কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা বিইআরসি সংরক্ষণ করে।

২৮/৩/১৮
(মোহাম্মদ দাউদুল ইসলাম)
পরিচালক (অর্থ ও হিসাব)
ফোনঃ ৯১১১৭৯৫

স্মারক নং-২৮.০১.০০০০.০১১.১৬.০৭০.১৮ তারিখ: ২৮/০৩/২০১৮

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. সচিব, টিসিবি, কারওয়ান বাজার, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২. সচিব, বিইআরসি, ঢাকা (কমিশনের নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. প্রেসিডেন্ট, আইসিএবি, কারওয়ান বাজার, ঢাকা (অডিট ফার্ম নিয়োগে সহযোগিতার জন্য প্রতিষ্ঠানটির নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. উপপরিচালক (গ্যাস), বিইআরসি, ঢাকা (কমিশনের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫. চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সদস্যগণের ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোহাম্মদ দাউদুল ইসলাম)
পরিচালক (অর্থ ও হিসাব)
ফোনঃ ৯১১১৭৯৫